

HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

৩ জুন ২০১৭

রাঙামাটিতে পাহাড়িদের বাড়িঘরে অগ্নিসংযোগ এবং লুটপাট হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও গভীর ক্ষোভ

রাঙামাটির লংগদু উপজেলার টিনটিলায় পাহাড়িদের উপর শারীরিক আক্রমণ, একজনের মৃত্যু এবং পাহাড়িদের ঘরবাড়ি ও দোকানপাটে দুর্বৃত্তদের ব্যাপক অগ্নিসংযোগ এবং লুটপাটের ঘটনায় গভীর উদ্বেগ ও নিন্দা প্রকাশ করছে হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)। পাশাপাশি স্থানীয় আদিবাসীদের নিরাপত্তা নিশ্চিত এবং জড়িতদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ার দাবী জানাচ্ছে।

বিভিন্ন গণমাধ্যম সূত্রে জানা যায়, রাঙামাটির লংগদু উপজেলায় এক যুবলীগের নেতাকে হত্যার প্রতিবাদে লংগদুবাসীর ব্যানারে আয়োজিত মিছিল ও সমাবেশ থেকে ০২ জুন ২০১৭, শুক্রবার দুপুর ১২টার দিকে লংগদু এলাকার পাহাড়িদের বসতঘর ও দোকানপাটসহ প্রায় ৩০০ টি ঘরে আগুন দেওয়া হয়। এ সময় স্থানীয় পাহাড়িরা আতঙ্কিত হয়ে এলাকা ছেড়ে পালিয়ে যেতে বাধ্য হন। উল্লেখ্য যে, হামলার পূর্বে লংগদু থানা এবং সেনা জোনের কর্মকর্তাদের কাছে আদিবাসি নেতৃবৃন্দ হামলার আশঙ্কা প্রকাশ করলে প্রশাসনের পক্ষ থেকে তাদেরকে মিছিল শান্তিপূর্ণ হবে বলে আশস্ত করা হয়েছিল।

আমরা উল্লেখ করতে চাই, রাষ্ট্রের দায়িত্ব সকল নাগরিকদের নিরাপত্তা নিশ্চিত করা। বাংলাদেশ সংবিধান অনুসারে, প্রত্যেক নাগরিকের আইনের আশ্রয়লাভের; আইনানুযায়ী ব্যতীত ব্যক্তি-জীবন ও ব্যক্তি-স্বাধীনতার অধিকার রয়েছে। পাশাপাশি বলা আছে, ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থানের কারণে কোন নাগরিকের প্রতি রাষ্ট্র বৈষম্য প্রদর্শন করবে না।

ফোরাম একটি হত্যাকাণ্ডকে কেন্দ্র করে পুরো এলাকার পাহাড়িদের উপর এমন হামলার প্রতিবাদ জানায়। ফোরাম আরো মনে করে, নিহত যুবলীগ নেতার হত্যার সাথে জড়িতদের যেমন যথাযথ আইনানুগ বিচার হওয়া প্রয়োজন, ঠিক তেমনি এ ন্যাকারজনক ঘটনায় সাধারণ নাগরিকদের মৌলিক অধিকার যে চরমভাবে লঙ্ঘিত হয়েছে, তার ন্যায্য প্রতিকার হওয়া অপরিহার্য। পাশাপাশি ফোরাম এই ঘটনার নিরপেক্ষ ও সুষ্ঠু তদন্তসহ দায়ী ব্যক্তিদের যথাযথ বিচার প্রক্রিয়া অনুসরণ করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী করছে। একই সাথে ক্ষতিগ্রস্তদের পর্যাপ্ত ক্ষতিপূরণসহ পুনর্বাসনের জন্য সরকারের প্রতি দ্রুত ব্যবস্থা নেয়ার আহবান জানাচ্ছে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)